শাঙনগগনে ঘোর ঘনঘটা,   নিশীথযামিনী রে ।
কুঞ্জপথে, সখি, কৈসে যাওব   অবলা কামিনী রে ॥
উন্মদ পবনে যমুনা তর্জিত,   ঘন ঘন গর্জিত মেহ ।
দমকত বিদ্যুত, পথতরু লুন্ঠিত,   থরহর কম্পিত দেহ ।
ঘন ঘন রিম্ ঝিম্ রিম্ ঝিম্ রিম্ ঝিম্   বরখত নীরদপুঞ্জ ।
শাল-পিয়ালে তাল-তমালে   নিবিড়তিমিরময় কুঞ্জ ।
কহ রে সজনী, এ দুরুযোগে   কুঞ্জে নিরদয় কান
দারুণ বাঁশী কাহ বজায়ত   সকরুণ রাধা নাম ।
মোতিম হারে বেশ বনা দে,   সীঁথি লগা দে ভালে ।
উরহি বিলুন্ঠিত লোল চিকুর মম   বাঁধহ চম্পকমালে ।
গহন রয়নমে ন যাও, বালা,   নওলকিশোরক পাশ ।
গরজে ঘন ঘন, বহু ডর পাওব,   কহে ভানু তব দাস ॥

---

Parjaay: Bhanu Singher Padabali, Taal: Tritaal, Raag: Pilu-Malhar
Visit www.geetabitan.com for notation and other detail